

💵 হজ সফরে সহজ গাইড

বিভাগ/অধ্যায়ঃ হজ পরবর্তী কার্যাবলী রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ মোশফিকুর রহমান

মসজিদে নববী দর্শনের ক্ষেত্রে প্রচলিত ভুলক্রটি ও বিদ'আত

- মনে মনে মূখ্য উদ্দেশ্য বা শুধু নবীর সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম রওজা জিয়ারতের নিয়তে বা উদ্দেশ্যে মদীনা ভ্রমণ করা।
- কেউ কেউ হজযাত্রীদের কাছে তাদের সালাম রাসূলের সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাছে পৌঁছানোর জন্য অনুরোধ করা।
- রাসূলের সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম মসজিদের ৪০ ওয়াক্ত সালাত পড়ার জন্য পুরো ৮দিন মদীনায় অবস্থান করা বাধ্যতামূলক বা নিয়ম মনে করা।
- মদীনা ও মসজিদে নববীতে প্রবেশের পূর্বে গোসল করতে হবে মনে করা।
- মদীনায় প্রবেশের সময় ও মসজিদের মিনার দেখার পর জোরে তাকবীর দেওয়া বা এ দো'আ পড়া নিয়ম মনে করা: (এ এলাকা তোমার বার্তাবাহকের পবিত্র এলাকা, তুমি একে রক্ষা কর..)।
- মদীনায় প্রবেশের পর কোনো নির্ধারিত দো'আ পড়া নিয়ম মনে করা।
- মসজিদে প্রবেশের পর সালাত পড়ার আগেই রাস্লের সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কবর যিয়ারত করা জরুরী মনে করা।
- কবরের কাছে গিয়ে দো'আ করা বড় ফয়িলত মনে করা ও কবরের দিকে মুখ করে দুই হাত তুলে দো'আ করা।
- কোনো মনের ইচ্ছা পূরণের আশায় কবরের কাছে দো'আ করার জন্য যাওয়া।
- রাসূল সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লামের কবরে চুমু খাওয়া অথবা স্পর্শ করার চেষ্টা করা অথবা এর চারপার্শ্বের দেওয়াল অথবা পিলারে চুমু খাওয়া বা স্পর্শ করা।
- রাসূলের সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাছে অনুনয়-বিনয় করে শাফা'আত চাওয়া বা কিছু চাওয়া।
- রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের কবরের দিকে মুখ করে সালাত আদায় করা বা কবরকে সামনে রেখে বসে দো'আ-যিকর করা।
- প্রতি সালাতের পরে রাসূলের সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কবর যিয়ারত করতে যাওয়া জরুরী বা
 ভালো মনে করা।
- সালাতের পর উচ্চঃস্বরে বিশেষ বিশেষ দো'আ বলা বিশেষ ফযিলত মনে করা বা প্রচলিত বানোয়াটি ও বিদআতি দুরূদ পাঠ করা।
- রাসূলের সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কবরের উপরে সবুজ গম্বুজ থেকে পতিত বৃষ্টির পানি থেকে কোনো কল্যাণ বা বরকত কামনা করা।



- মসজিদের মূল অংশে সালাতের জন্য নির্দিষ্ট স্থান নির্ধারণ করা।
- হজযাত্রীদের নিয়ে রাসূলের সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কবরের পাশে অথবা এর দূরে থেকে সমবেত কণ্ঠে উচ্চৈঃস্বরে দো'আ করা।
- মসজিদ থেকে চূড়ান্তভাবে বের হওয়ার সময় সম্মান দেখানোর উদ্দেশ্যে পিছন দিকে হেঁটে বের হওয়া।
- মসজিদে নববী ও মসজিদে কুবা ব্যতিত মদীনার অন্য কোনো মসজিদ দর্শন করে সওয়াবের আশা করা।
- মসজিদের খুঁটিতে সুতা বা ফিতা বাঁধা কোনো কল্যাণ বা বরকত মনে করা।
- মদীনা থেকে নুড়ি পাথর বা বালি নিয়ে সংরক্ষণ করা ও তাবিজ-কবজ বানানোর জন্য নিজ দেশে নিয়ে আসা।
- কিছু প্রচলিত জাল হাদীসসমূহ:
- ''যে ব্যক্তি আমার কবর যিয়ারত করবে তার জন্য আমার সুপারিশ ওয়াজিব হয়ে যাবে।''
- "যে হজ করতে এসে আমার কবর যিয়ারত করল সে যেন আমার সাথে সাক্ষাত করল।"
- ''যে হজ করতে এসে আমার যিয়ারত জন্য এলো না সে আমার সাথে রূঢ় আচরণ করল।''
- মদীনা থেকে বিদায়ের সময় মসজিদে নববীতে দু'রাকাত বিদায়ী নামাজ পড়া ও বিদায়ী রওজা যিয়ারত করা।
- রওজার কবর জায়গার প্রথম দরজা ফাঁকা আছে। এ জায়গা ঈসা আলাইহিস সালামের কবরের জন্য সংরক্ষিত আছে বলে বিশ্বাস করা।
- রওজার তৃতীয় দরজাটিও ফাঁকা। এ জায়গাটি ইমাম মাহদী আলাইহিস সালাম কবরের জন্য সংরক্ষিত
 আছে! এ জাতীয় বিশ্বাস করা।
- মসজিদে নববী থেকে শেষবার বের হওয়ার সময় উল্টোমুখি হয়ে বের হওয়া।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6564

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন